



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট
dss.sylhetdiv.gov.bd

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.৫০

তারিখ: ৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: উপজেলা সমাজসেবা কার্যালয়, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ পরিদর্শনের প্রেক্ষিতে বাস্তবায়নযোগ্য নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ১৭ জানুয়ারি ২০২৩ তারিখ উপজেলা সমাজসেবা কার্যালয়, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ সরেজমিনে পরিদর্শন করা হয়। উক্ত দপ্তরের দাপ্তরিক ও মাঠ কার্যক্রম যাচাই ও পর্যবেক্ষণের প্রেক্ষিতে বাস্তবায়নযোগ্য নির্দেশনাসমূহ পরবর্তী ব্যবস্থা গ্রহণে নিম্নে তুলে ধরা হলো:

- ২০২২-২৩ অর্থবছরে ২য় কিস্তিতে ২৮২ জন বয়স্কভাতা, ৩৯৭ জন প্রতিবন্ধী ভাতা এবং ১৫ জন শিক্ষা উপবৃত্তি খাতের উপকারভোগীর পে রোল অদ্যাবধি প্রেরিত হয়নি;
- সুদমুক্ত ক্ষুদ্রঋণ খাতে ৩ লক্ষ ৯০ হাজার টাকা অবতিরণকৃত অবস্থায় ব্যাংকে গচ্ছিত আছে
- মাতৃকেন্দ্র খাতে অবতিরণকৃত অবস্থায় ১৭ লক্ষ ১৫ হাজার টাকা ব্যাংকে গচ্ছিত; সম্পাদিকার ভাতা, প্রশিক্ষণ ও সাইনবোর্ড লাগানো সম্পন্ন হয়নি।
- রোগীকল্যাণ সমিতির ব্যাংক একাউন্টে ৯ লক্ষ টাকা ব্যাংকে গচ্ছিত এবং উপজেলা সমাজকল্যাণ কমিটির ব্যাংক একাউন্টে ৮৯ হাজার টাকা ব্যাংকে গচ্ছিত রয়েছে
- প্রান্তিক জনগোষ্ঠির ১৫৯ জনের প্রশিক্ষণ সমাপ্ত এবং জনপ্রতি ১৮০০০ টাকা হারে অনুদান বিতরণকৃত।
- ভিক্ষুক পুনর্বাসন খাতে ৩৮ জনকে পুনর্বাসন করা হয়েছে; বর্তমানে ১.৫ লক্ষ টাকা ব্যাংক একাউন্টে আছে।
- ক্ষুদ্রঋণ ও আর্থ-সামাজিক কার্যক্রম খাতে গ্রামভিত্তিক ক্যাশবহি এন্ট্রি এখনো শুরু হয়নি; মাঠে আদায়ের হার অত্যন্ত কম
- অত্র দপ্তরের দুটি ডেস্কটপ কম্পিউটারের মধ্যে ১টি সচল। ৫টি সচল ল্যাপটপ রয়েছে যোগুলো সচল বলে কর্মকর্তা জানান। সিটিএম প্রকল্পের ১টি প্রিন্টার ও পূর্বের একটি রাজস্ব প্রিন্টারও বর্তমানে সচল রয়েছে।

এমতাবস্থায় উপরে বর্ণিত সকল কার্যক্রমের ব্যাংকে গচ্ছিত অর্থ প্রকৃত সুবিধাভোগীদের মধ্যে নীতিমালা অনুযায়ী যথাযথভাবে বিতরণ, সকল খাতের ক্যাশবহি ব্যাংক প্রতিবেদন অনুসারে হালনাগাদকরণ, মাতৃকেন্দ্রের সম্পাদিকার ভাতা, প্রশিক্ষণ ও সাইনবোর্ড লাগানো ইত্যাদি অনিস্পন্ন কাজ আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৩ এর মধ্যে সম্পন্ন করত: অত্র দপ্তরকে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

২২-০১-২০২৩

মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক

০১৮১৮৫৯৫৩৪৫

shahidulislam.dss@gmail.com

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ।

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.৫০ /১ (৫)

তারিখ: ৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা;
- ২। পরিচালক(কার্যক্রম), সমাজসেবা অধিদফতর, ঢাকা;
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
- ৪। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ এবং

৫। অফিস কপি।



২২-০১-২০২৩

মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক